

## 26715 - ইহরামরত অবস্থায় নখ কাটা

### প্রশ্ন

কোন ব্যক্তি যখন মীকাত থেকে ইহরাম বাঁধে তখন সেই ব্যক্তি বসে নখ কাটা কি জায়েয আছে; নাকি সেটি হাদি জবাই করার আগে জায়েয নয়?

### প্রিয় উত্তর

যদি ইহরামের পূর্বে এটি করে তাহলে কোন অসুবিধা নাই। তবে যদি কোরবানী করতে চায় এবং জিলহজ্জ মাস শুরু হয়ে যায় তাহলে জায়েয হবে না। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটা থেকে নিষেধ করেছেন।

আর ইহরামের বাঁধার পর অর্থাৎ ইহরাম শুরু করার নিয়ত করার পর এটি সম্পূর্ণরূপে নাজায়েয। কেননা ইহরামকারী তার উমরার তাওয়াফ ও সাঈ শেষ করার আগে তার নখ কিংবা চুলের কোন কিছু কাটতে পারবে না। যেহেতু মাথা মুণ্ডনো কিংবা মাথার চুল ছাটাই করার মাধ্যমে ইহরামকারী ইহরাম থেকে হালাল (অবমুক্ত) হয়। অনুরূপভাবে হজ্জের ক্ষেত্রে জমরাতে আকাবাতে যখন কংকর নিষ্কেপ সম্পন্ন করবে তখন মাথা মুণ্ডন করে কিংবা মাথার চুল ছোট করে তিনি হালাল হতে পারবেন। মাথা মুণ্ডন করা উত্তম। এরপরই তিনি হালাল হয়ে গেলেন; চাই সেটা পশু জবাই করার আগে হোক কিংবা পরে হোক। আর সম্ভব হলে পশু জবাই করার পরে হওয়া উত্তম।

আল্লাহই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবারপরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।